রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯২.২৩.১৫২ তারিখঃ০৬/০৮/২০২৬ খ্রিঃ

## অফিস আদেশ

নিকসন বাড়ৈ, পিতাঃ মহানন্দ বাড়ৈ, সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ১৩/১১/২০২২ খ্রি. তারিখ হতে ২৩/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত Conference on "6th World Congress of Nursing Education and Health Care" in Rome, Italy under Invine Meeting LLC, USA- তে অংশগ্রহণ শেষে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে পরিচালকের কার্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কর্তৃক ২৮/১২/২০২২ খ্রি. তারিখের ঢামেকহা/সেবা-প্রশাঃ/১৫১০১ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করা হয়;

২। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে এ অধিদপ্তরের ০১/০৩/২০২৩ খ্রি. তারিখের ৪৫ নং স্মারকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলেও তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব দাখিল করেননি;

৩। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করায় অভিযুক্তের বিরুদ্ধে এ অধিদপ্তরের ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখের ১৯৪ নং স্মারকে ০১২/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হলেও তিনি অভিযোগনামার কোনো জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত ০১২/২০২৩ নং বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অধিদপ্তরের ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের ৩২১ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৯/১২/২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয় ও তদন্ত কার্যক্রমেও অভিযুক্ত অনুপস্থিত ছিলেন;

৫। যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এ অধিদপ্তরের ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখের ১২৩ নং স্মারকে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব দাখিল করেননি;

৬। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধির আওতায় "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়, সেহেতু একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী অননুমোদিত অনুপস্থিতির দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় গুরুদন্ড প্রদানের ক্ষেত্রে (চাকুরী হইতে বরখাস্তকরণ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণের জন্য এ অধিদপ্তরের ১৯/০৫/২০২৬ খ্রি. তারিখের ৯৬ নং স্মারকে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়;

৭। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধির আওতায় "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদন্ড হিসেবে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করে এবং উক্ত মতামত স্বাস্থ্য সেবা বিভাগ ০৮/০৭/২০২৬ খ্রি. তারিখের ১৭১ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করে;

৮। সেহেতু, অভিযুক্ত নিকসন বাড়ৈ, পিতাঃ মহানন্দ বাড়ৈ, সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ২৪/১১/২০২২ খ্রি. হতে চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal) নামীয় গুরুদন্ড প্রদান করা হলো।


দিল আফরোজা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd


CamScanner

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯২.২৩. ২৫২/১(১১১)

তারিখঃ ০৩/০৪/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপসচিব (নার্সিং সেবা-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। সহকারী পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। নিকসন বাড়ৈ, পিতাঃ মহানন্দ বাড়ৈ, সিনিয়র স্টাফ নার্স (বরখাস্তকৃত), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ নিকসন বাড়ৈ, পিতাঃ মহানন্দ বাড়ৈ, গ্রামঃ মরিচবুনিয়া, পোঃ বিশারকান্দি, উপজেলাঃ বানারিপাড়া, জেলাঃ বরিশাল)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

03.04.26
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

CamScanner